

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব প্রশিক্ষণ শাখা
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০২৭.৩৮.০০৭.১৭.৭৪৯

তারিখ: ৭ পৌষ ১৪২৪

২১ ডিসেম্বর ২০১৭

বিষয়: অতিরিক্ত ভর্তির অনুমোদন প্রসংগে।

উল্লেখিত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাভার ঢাকা, রংপুর, দিনাজপুর ও ঝিনাইদহ যুব প্রশিক্ষণ কেন্দ্রের আওতায় পরিচালিত “গবাদি পশু হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি” বিষয়ক প্রশিক্ষণ কোর্সে স্থানীয়ভাবে ভর্তির ব্যাপক চাহিদা থাকায় ২০১৭-২০১৮ অর্থ বছরের ২য় ব্যাচে নিম্নলিখিত শর্তে অতিরিক্ত প্রশিক্ষণার্থী ভর্তি ভূতাপেক্ষভাবে নির্দেশক্রমে প্রশাসনিক অনুমোদন দেয়া হলো। তবে শর্ত থাকে যে,

ক) প্রশিক্ষণের গুনগতমান অক্ষুণ্ণ রাখা।

খ) প্রত্যেক কেন্দ্রে বর্তমান ব্যাচে অতিরিক্ত ভর্তি সংখ্যা পরবর্তী ব্যাচ সমূহে সমতা করতে হবে। অর্থাৎ যেহেতু এ ভর্তির সাথে আর্থিক সংশ্লেষ রয়েছে সেহেতু বাৎসরিক ভর্তির লক্ষ্যমাত্রা অতিক্রমের সুযোগ নেই।

গ) প্রশিক্ষণ কোর্সে ভর্তির ০৭(সাত) দিনের মধ্যে ভর্তির অর্থ সরকারী কোষাগারে জমান প্রদান করে চালানের কপি প্রধান কার্যালয়ে প্রেরণ করা।

ঘ) প্রশিক্ষণের সমাপনী দিবসে প্রশিক্ষণার্থীদের সনদপত্র বিতরণ করতে হবে।

ক্রঃনং	কেন্দ্রের নাম	বর্তমান আসন সংখ্যা	অতিরিক্ত ভর্তির অনুমোদন	মোট
০১	যুব প্রশিক্ষণ কেন্দ্র, সাভার ঢাকা।	১২০ জন	২২ জন	১৪২ জন
০২	যুব প্রশিক্ষণ কেন্দ্র, রংপুর।	৬০ জন	১৬ জন	৭৬ জন
০৩	যুব প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর।	৬০ জন	০৬ জন	৬৬ জন
০৪	যুব প্রশিক্ষণ কেন্দ্র, ঝিনাইদহ।	৬০ জন	২৩ জন	৮৩ জন



১১-১২-২০১৭

মোঃ জাহাঙ্গীর আলম

পরিচালক

ফোন: ০২-৯৫৫৩২৮৮

১) কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, সাভার ঢাকা/রংপুর।

২) ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর ও ঝিনাইদহ।

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০২৭.৩৮.০০৭.১৭.৭৪৯/১(৩)

তারিখ: ৭ পৌষ ১৪২৪

২১ ডিসেম্বর ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) পরিচালক(প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

২) উপ-পরিচালক (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। (ওয়েব সাইটে প্রচারের জন্য)

৩) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।